

জাৰিতে আজ প্রথম বৰ্ষের ক্লাস শুরু নবীনরা সিট পাবে না আবাসিক হলে

জাহাঙ্গীৰনগর ইউনিভার্সিটি প্ৰতিনিধি

জাহাঙ্গীৰনগর ইউনিভার্সিটিতে আজ থেকে ২০০৭-০৮ সেশনের অনার্স প্ৰথম বৰ্ষের ক্লাস শুরু হ'ল। নবাগত শিক্ষার্থীদের হলে সিট দেয়া যাবে না বলে এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে প্ৰশাসন।

ইউনিভার্সিটির ২৬টি বিভাগে এবাৰ প্ৰথম বৰ্ষে প্ৰায় ১ হাজাৰ ৪০০ শিক্ষার্থী ভৰ্তি কৰা হ'লেছে। প্ৰত্যেক শিক্ষার্থীকে হলে সিট দেয়া আবাসিক ইউনিভার্সিটির পূৰ্বশৰ্ত হলেও এ নিয়ে পৰৱৰ্ত তিন বছৰ নবাগত শিক্ষার্থীদের ভৰ্তিৰ সঙ্গে সঙ্গে সিট দিতে বাৰ্থ হ'লে প্ৰশাসন।

এ সঙ্কটৰ কাৰণ অনুসন্ধান জানা যায়, প্ৰায় প্ৰতিটি বিভাগেই রয়েছে দেড় থেকে দুই বছরের সেশন জ্যাম। ফলে বৰ্তমানে



তিনটি ব্যাচ অতিরিক্ত রয়েছে। এছাড়া ইউনিভার্সিটিতে বৰ্তমানে সাতটি ব্যাচে শিক্ষার্থী রয়েছে প্ৰায় নয় হাজাৰ। বিপৰীতে ১১টি হলে রয়েছে প্ৰায় সাড়ে

পাচ হাজাৰ সিট। সৰ্বশেষ ২০০৪ সালে একটা ছাফী হল নিৰ্মাণ কৰা হলেও সমস্যার সমাধান হয়নি। সিট বঞ্চিত শিক্ষার্থীদের ক্যাম্পাসে যাতায়াতের জন্য প্ৰশাসন গত সাত বছৰ ধৰে অতিরিক্ত বাস ভাড়া কৰে আসছে। ২০০৬-০৭ সেশনের শিক্ষার্থীদের জন্য বৰ্তমানে রয়েছে সাতটি বাস। নতুন এ ব্যাচের জন্য ভাড়া কৰা হ'লেছে আৰো চাৰটি বাস। এতে যেমন ইউনিভার্সিটিৰে বিশাল অঙ্কৰ বৰাদ রাখতে হ'লে তেমন প্ৰতিদিন যাতায়াতে শিক্ষার্থীদেরও দুৰ্ভোগ পোহাতে হ'লে।